# উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

## কালিগঞ্জ, সাতক্ষীরা

## ডিসেম্বর ২০১৯ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

## অধিবেশন নং - ১০/২০১৯

সভাপতি ঃ সাঈদ মেহেদী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা

সভার তারিখ ঃ ৩০-১২-২০১৯
সময় ঃ বেলা ১১-৩০ টা
স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ,কালিগঞ্জ,

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিতি পরিশিষ্ট 'খ"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় । কার্যবিবরণীতে কোন আপত্তি উত্থাপিত না হওয়ায় উহা দৃঢ়করণ করা হয় । অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করা হয় ।

২. বিভাগীয় আলোচনা ঃ

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr>
<td>২.০১। (ক) <u>উপজেলা প্রকৌশলী দপ্তরের কার্যক্রমঃ</u><br>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ এর প্রতিনিধি উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ সামছুল আলম সভায় জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ১ম ও ২য় কিস্তিতে ৪৪.৯৮ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। ৩য় ও ৪র্থ কিস্তিতে আরো ৪৪.৯৮ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যেতে পারে । সর্বমোট ৮৯.৯৬ লক্ষ টাকা উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ১০ নভেম্বর ২০১৪ এর ৬ (১) নং অনুচ্ছেদ মোতাবেক খাত ভিত্তিক বিভাজনের বিষয়ে আলোচনা করা হয়। এ প্রসংগে সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, অনেক রাস্তায় পুকুরের ধারে প্যালাসাইডিং না করার কারণে রাস্তাটি ক্ষতিগ্রস্থ হচ্ছে বিধায় প্যালাসাইডিং-এর জন্য ১ টি করে প্রকল্প এবং ১২ টি ইউনিয়নে যে কালভার্ট নির্মাণ করা হয়েছে তার জন্য বিশেষ বরাদ্দ রাখা যেতে পারে। বিষয়সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা স্মারক নং ১০৬৮ তারিখ ১০ নভেম্বর ২০১৪ এর ৬ (১) নং অনুচ্ছেদে মোতাবেক খাত ভিত্তিক বিভাজন করা হয়।
<table>
<tr><th>ক্রনং</th><th>খাত</th><th>টাকা (লক্ষ ) টাকায়</th></tr>
<tr><td>১</td><td><u>কৃষি ও সেচ ঃ</u><br>ক) কৃষি ও ক্ষুদ্র সেচ</td><td>৯.০০</td></tr>
<tr><td></td><td>খ) মৎস্য ও প্রাণি সম্পদ</td><td>৯.০০</td></tr>
<tr><td>২</td><td><u>বস্তুগত অবকাঠামো ঃ</u><br>ক) পরিবহন ও যোগাযোগ খাত</td><td>২২.৫০</td></tr>
<tr><td></td><td>খ) জনস্বাস্থ্য</td><td>৯.০০</td></tr>
<tr><td>৩</td><td><u>আর্থ সামাজিক অবকাঠামো</u><br>ক) শিক্ষার উন্নয়ন</td><td>৯.০০</td></tr>
<tr><td></td><td>খ) স্বাস্থ্য ও সমাজ কল্যাণ</td><td>১৩.৫০</td></tr>
<tr><td></td><td>গ) যুব,ক্রীড়া ও সাংস্কৃতি</td><td>৮.৯৬</td></tr>
<tr><td></td><td>ঘ) মহিলা ও শিশুকল্যাণ</td><td>৪.৫০</td></tr>
<tr><td></td><td>ঙ) বিবিধ(দুর্যোগ পরবর্তী ত্রাণ কার্যক্রমসহঅন্যান্য)</td><td>৪.৫০</td></tr>
<tr><td></td><td>মোট</td><td>৮৯.৯৬</td></tr>
</table>
উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা মোতাবেক প্রকল্প প্রণয়ন, প্রকল্প বাছাই, প্রস্তুতকরণ ও উন্নয়ন প্রকল্প যাচাই বাছাই কমিটির মাধ্যমে বাছাই করে উপজেলা পরিষদ সভায় অনুমোদনের লক্ষ্যে উপস্থাপনসহ এ বিষয়ে বিধিমতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরা এবং চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়।</td>
<td>১) উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ<br>২) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল) কালিগঞ্জ</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| ২.০১ (খ)। অত্র উপজেলার এলজিইডি'র রাস্তাসহ বিভিন্ন রাস্তাকে মাছ চাষের জন্য ঘেঁর মালিকগণ ঘেঁরের বেঁড়ি বাঁধ হিসেবে ব্যবহার করে থাকে। সে জন্য রাস্তাসমূহ প্রতি বছরই নষ্ট হয়ে যায় এবং বার বার মেরামত করতে হয়। এতে সরকারের কোটি কোটি টাকার ক্ষতি হয়ে থাকে। সকল রাস্তার পাশের ঘেঁর কে বাঁধ হতে দুরে রাখতে ঘের ও রাস্তার মধ্যে রিং বাঁধ / ডাইক বাঁধ নির্মাণ না করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | রাস্তা হতে ঘের আলাদা করার জন্য ঘেঁর মালিকদের নোটিশ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। নোটিশ প্রাপ্তির পর পর ঘের মালিকগণ অবৈধ দখল ছেড়ে না দিলে তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক ভ্রাম্যমান আদালত পরিচালনা ও অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রতিমাসে অগ্রগতি সভাকে জানানোর জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়। | ১) উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ<br>২) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) কালিগঞ্জ |
| ২.০১ (গ)। ইটের মূল্য নির্ধারণ সংক্রান্ত জটিলতার কারণে উন্নয়ন কাজ বন্ধ থাকা ঃ<br>সভায় আলোচনা হয় যে, এলজিইডি এর বিভিন্ন উন্নয়ন প্রকল্প ইটের মূল্য নির্ধারণ সংক্রান্ত জটিলতার কারণে আটকে রয়েছে। প্রায় ৯০ কোটি টাকার সড়ক নির্মাণ এ জন্য বন্ধ রয়েছে। এ বিষয়ে সম্প্রতি পরিকল্পনা কমিশনের কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের আন্তঃমন্ত্রণালয় মূল্যায়ন কমিটির সুপারিশ মোতাবেক বিগত ২৫/১১/২০১৯ তারিখ উপজেলা পরিষদ সভায় সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানানো হয় কিন্তু কোন অগ্রগতি জানা গেল না। | পরিকল্পনা কমিশনের কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের আন্তঃমন্ত্রণালয় মূল্যায়ন কমিটির সুপারিশ মোতাবেক ইটের মূল্য কমানোর অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসে জানানোর জন্য উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.০১(ঘ) উপজেলা কমপ্লেক্সের সীমানা প্রাচীর নির্মাণঃ<br>উপজেলা পর্যায়ে জমির দাম অব্যাহতভাবে বৃদ্ধি, বহিরাগত কর্তৃক উপজেলা মালিকানাধীন জমি/ সম্পদ দখল ও দোকানপাট নির্মাণের প্রবণতা রোধ এবং উপজেলা কমপ্লেক্সের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে উপজেলা কমপ্লেক্সের সীমানা প্রাচীর নির্মাণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ দ্বারা সীমানা প্রাচীর নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয় রাজস্ব তহবিলে পর্যাপ্ত অর্থ না থাকলে একাধিক অর্থ বছরে তা বাস্তবায়ন করা হবে।<br>খ) উপজেলা কমপ্লেক্সের সীমানা প্রাচীর নির্মাণের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত পূর্বক আগামী সভায় উপস্থাপন ও অনুমোদনের জন্য উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়।<br>গ) উপজেলা কমপ্লেক্সের সীমানা প্রাচীর নির্মাণের লক্ষ্যে প্রাক্কলন উপজেলা পরিষদ সভায় অনুমোদনের পর স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ শাখা হতে অনুমোদন গ্রহণ এবং প্রচলিত বিধিবিধান যথাযথ অনুসরণের জন্য প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.০২। মৎস্য বিভাগের কার্যক্রম ঃ (ক) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, চিংড়ি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে এবং চিংড়ির গুণগতমান বজায় রেখে রপ্তানী বৃদ্ধির জন্য আগামী ২১/০১/২০২০ খ্রিঃ তারিখে উপজেলা পরিষদ সভাকক্ষে 'চিংড়ি সম্পদের উন্নয়নে করণীয় শীর্ষক ওয়ার্কশপ' এর আয়োজন করা হবে। সেখানে চিংড়ি সেক্টরের সাথে জড়িত সকল স্টেকহোল্ডারদের মতামত ও পরামর্শ গ্রহণ করা হবে। প্রাপ্ত মতামত ও পরামর্শের ভিত্তিতে (১) স্থানীয়ভাবে বাস্তবায়নযোগ্য বিষয়ের একটি সংকলন প্রস্তুত করা হবে। (২) কেন্দ্রীয়ভাবে বাস্তবায়নযোগ্য বিষয়ের সুপারিশ / প্রকল্প প্রস্তাব প্রণয়ন করে সরকারের নিকট প্রেরণ করা হবে। (৩) জাতীয় চিংড়ি নীতিমালা সংশোধন / যুগোপযোগী করার জন্য সুপারিশ সরকারের নিকট প্রেরণ করা হবে ।<br><br>(খ) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা আরো জানান যে, নদীতে ছোট ফাঁসের জাল যেমন- বেহুন্দী জাল, মশারী জাল,চটজাল, পাই জাল ইত্যাদি জালের যথেচ্ছ ব্যবহারের ফলে প্রাকৃতিক উৎস্যের মাছের পোনা ধ্বংস হচ্ছে। এ কারণে প্রতি বছরের ন্যায় এ বছরও জানুয়ারী মাসের ৭ তারিখ হতে উপজেলা প্রশাসন এবং মৎস্য দপ্তরের যৌথ উদ্যোগে কম্বিং অপারেশন করা হবে, যার মাধ্যমে নদীতে ব্যবহৃত নিষিদ্ধ জাল জব্দ ও বিনষ্ট করা হবে। এ ব্যাপারে সকলের সার্বিক সহযোগিতা একান্ত কাম্য । | (ক) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভা করে সুপারিশ উপর্যুক্ত কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করবেন। স্থানীয়ভাবে পালনযোগ্য নিয়মাবলী আলাদাভাবে প্রণয়ন করবেন এবং তার শতভাগে বাস্তবায়ন নিশ্চিত করবেন।<br><br>(খ) বেহুন্দী জাল, মশারী জাল, চটজাল, পাই জাল ইত্যাদি জালের যথেচ্ছ ব্যবহারের ফলে প্রাকৃতিক উৎস্যের মাছের পোনা ধ্বংস প্রতিরোধে উপজেলা প্রশাসন এবং মৎস্য দপ্তরের যৌথ উদ্যোগে কম্বিং অপারেশন অব্যাহত রাখতে হবে।<br><br>(গ) আগামী ২১/০১/২০২০ খ্রিঃ তারিখে উপজেলা পরিষদ সভাকক্ষে 'চিংড়ি সম্পদের উন্নয়নে করণীয় শীর্ষক ওয়ার্কশপ' এর আয়োজন অনুষ্ঠানে চিংড়ি সেক্টরের সাথে জড়িত সকল স্টেকহোল্ডারদের কে বিধিমতে ঘেরে আউট ড্রেন/ ডাইক বাঁধ ও পানি উঠানোর বিষয়ে অবহিত করতে হবে।<br><br>(ঘ) বাঁধ/ রাস্তার জমিতে অবৈধ দখল বজায় রেখে জলাবদ্ধতা সৃষ্টি করলে অথবা ঘেরের বাইরে রাস্তা/ ঘেরের দিকে আউট ড্রেন না রাখলে রেজিষ্ট্রেশন না প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এর সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বিজ্ঞ নির্বাহী | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| (গ) মৎস্য ঘেরের হারি / চুক্তি প্রসংগে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, দশ বৎসরের মধ্যে কেউ জমির লীজ ছাড়াতে পারবে না অর্থাৎ কেউ ঘেরের হারি / চুক্তির শর্তাবলী ভাঙ্গতে পারবে না মর্মে সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেয়াসহ ঘেরে পানি উঠানোর জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে দায়িত্ব প্রদান করা যেতে পারে। শর্ত না মানলে রেজিস্ট্রেশন দেয়া হবে না। | ম্যাজিস্ট্রেট, কালিগঞ্জের সাথে সমন্বয় করে উপজেলা প্রকৌশলী ও উপ-বিভাগীয় প্রকৌশলী, পাউবো কে সঙ্গে নিয়ে যৌথ অভিযান পরিচালনা করবেন। | |
| ২.০৩। <u>স্বাস্থ্য বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত রয়েছেন। এ প্রসংগে সভায় জানানো হয় অত্র উপজেলায় ৩৫ টি কমিউনিটি ক্লিনিক রয়েছে। কিছু কমিউনিটি ক্লিনিকে স্বাস্থ্য সম্মত টয়লেট নেই। ক্লিনিকের জন্য স্বাস্থ্য সম্মত টয়লেট নির্মাণের প্রস্তাব সভায় রাখা হয়। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ২০১৯-২০ অর্থ বার্ষিক উন্নয়ন কর্মসূচির বস্তুগত অবকাঠামো জনস্বাস্থ্য খাত হতে কমিউনিটি ক্লিনিকের বাথরুম/ল্যাট্রিন মেরামতের নিমিত্ত প্রত্যেক ইউনিয়ন হতে একটি করে প্রকল্প দাখিলের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। বিষয়টি সমন্বয় করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার<br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) কালিগঞ্জ |
| ২.০৪। <u>উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কার্যক্রম</u>: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, এ উপজেলায় ইতোমধ্যে ৪৭ টি পরিবারকে দুর্যোগ সহনীয় ঘর তৈরী করে দেয়া হয়েছে । এ প্রসংগে সভায় জানানো হয় যে, যমুনা নদীর দু'পাড়ে পানি উন্নয়ন বোর্ডের জায়গা অবৈধ দখলদারদের নিকট হতে উচ্ছেদ করে হতদরিদ্র পরিবার যাদের ২ থেকে ১০ শতাংশ জমি রয়েছে তাদেরকে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় অগ্রাধিকার দিয়ে পুনর্বাসন করার ব্যবস্থা গ্রহণের জন্য পুনঃ প্রস্তাব করা হয়। | এ উপজেলায় হত দরিদ্র পরিবারসহ যমুনা নদীর দু'পাড় হতে উচ্ছেদকৃত হতদরিদ্র পরিবার যাদের ২ থেকে ১০ শতাংশ জমি রয়েছে তাদেরকে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় অগ্রাধিকার দিয়ে পুনর্বাসনের লক্ষ্যে তালিকা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.০৫। <u>উপজেলা প্রাণি সম্পদ বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, কালিগঞ্জ উপজেলার রতনপুর ও কুশুলিয়া ইউনিয়নে কর্মরত দুইজন কৃত্রিম প্রজনন কর্মির কাজ করার জন্য কোন সেবাকেন্দ্র নেই। সূতরাং প্রজনন সেবা সুষ্ঠুরুপে বাস্তবায়নকল্পে বর্ণিত ইউনিয়নের রতনপুর ও কুশুলিয়া বাজারে অন্যূন ৩০(ত্রিশ) শতক করে খাস জমি বরাদ্দ প্রদান পূর্বক কমিউনিটি ভেটেরিনারি ক্লিনিক স্থাপন করা প্রয়োজন। এছাড়া আসন্ন মুজিব বর্ষে স্কুল এগফিডিং ও মিল্ক ফিডিং প্রোগ্রাম সহ নানারকম কর্মসূচি গ্রহণ করা হয়েছে। তিনি নিরাপদ দুধ বিক্রি কেন্দ্র স্থাপনের জন্য ফুলতলা বাজারে জায়গা প্রদানের জন্য অনুরোধ রাখেন।<br><br>উপজেলা প্রাণি সম্পদ অফিসার আরো জানান যে, ব্লাক বেঙ্গল ছাগল পালন প্রকল্পের আওতায় সুবিধাভোগীদের যে ঋণ প্রদান করা হয়েছিল সে ঋণ আদায় করা যায়নি। অনেকে টাকা ফেরৎ দিতে অসম্মতি জানাচ্ছেন। অনাদায়ী টাকা আদায়পূর্বক নতুন নতুন উদ্যোক্তাদের মধ্যে ঋণ বিতরণ করা যেতে পারে। | (ক) কৃত্তিম প্রজনন সেবা সুষ্ঠুরুপে বাস্তবায়নকল্পে বর্ণিত ইউনিয়নের রতনপুর ও কুশুলিয়া বাজারে কমিউনিটি ভেটেরিনারি ক্লিনিক স্থাপনের নিমিত্ত স্থান নির্ধারণ করে দেয়ার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।<br><br>(খ) খাস জমির তথ্য প্রদানের জন্য সহকারী কমিশনার (ভূমি) কে অনুরোধ জানানো হয়।<br><br>(গ) নিরাপদ দুগ্ধ স্থাপন কেন্দ্র স্থাপনের জন্য ফুলতলা বাজারে জায়গা বরাদ্দের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে ব্যবস্থা নিতে অনুরোধ করা হয়।<br><br>(ঘ) ব্লাক বেঙ্গল ছাগল পালনের জন্য গৃহীত ঋণ খেলাপীদের বিরুদ্ধে অর্থ ঋণ আদালতে মামলা করার জন্য এবং আদায়কৃত টাকা নতুন উদ্যোক্তদের মাঝে ঋণ হিসাবে বিতরণের জন্য উপজেলা প্রাণি সম্পদ অফিসারকে অনুরোধ জানানো হয়। | (১)সহকারী কমিশনার(ভূমি), কালিগঞ্জ<br><br>(২)উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা<br><br>(৩) উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরা<br><br>(৪) চেয়ারম্যান, রতনপুর ও কুশুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিগঞ্জ |
| ২.০৬। <u>উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিগঞ্জ সভায় জানান যে, ২০১৯-২০ অর্থ বছরে এ উপজেলায় প্রত্যেক ইউনিয়নে ৭৯ টি করে মার্তৃত্বকালীন ভাতার কার্ড বরাদ্দ পাওয়া গেছে। তিনি আরো জানান খাদ্য শস্য বিল ভাউচার ইউনিয়ন পরিষদ হতে পাওয়া যায়নি। বিষয়সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | খাদ্যশস্য বিল ভাউচার অতিদ্রুত দাখিলের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ |
| ২.০৭। <u>উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, চলতি বছর প্রায় ৪৫০০ হেঃ জমিতে বোরো ধানের চাষাবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বোরো বীজতলা স্থাপনের কাজ চলছে। এ পর্যন্ত প্রায় ৩২০ হেক্টর জমিতে বোরো বীজতলা অর্জিত হয়েছে এবং শতভাগ | (ক) উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তাঁর বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখাসহ কৃষকদের নিকট যাতে সার সংকট না হয় সে দিকে সতর্ক দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানানো হয়। | ১) উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| জমিতে আদর্শ বীজতলা স্থাপনের জন্য উপ-সহকারী কৃষি অফিসারদের মাধ্যমে মাঠ পর্যায়ে কৃষকদের পরামর্শ প্রদান অব্যহত রয়েছে। তীব্র শীতে বোরো বীজতলা রক্ষায় সকাল ১০ টা থেকে সন্ধ্যা পর্যন্ত পলিথিন দিয়ে ঢেকে রাখা এবং রাত্রে পানি দিয়ে বীজতলা ভরে রেখে সকালে বের করে দেয়ার জন্য কৃষকদের পরামর্শ অব্যহত রয়েছে।<br>বর্তমান সদাশয় সরকার ১৬ ডিসেম্বর/২০১৯ তারিখ থেকে প্রতিকেজি ডি,এপি সার ২৫/-(পঁচিশ) টাকার স্থলে কমিয়ে প্রতিকেজি ১৬/- (ষোল)টাকা দরে কৃষকেরা কিনতে পারবে। অর্থাৎ এখন থেকে প্রতিকেজি ডি,এপি সার পূর্বের দামের চেয়ে কেজি প্রতি ৯ ( নয়) টাকা কমে কিনতে পারবে। এ ছাড়া তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বছরব্যাপী বিশেষ কর্মপরিকল্পার বিষয়ে আলোচনা করেন । তাছাড়া কৃষি খাতে এডিপি'র কৃষি খাত হতে অর্গানিক সবজি উৎপাদনের নিমিত্ত প্রকল্প গ্রহণের প্রস্তাব রাখেন। | (খ) এডিপি'র কৃষি খাত হতে অর্গানিক সবজি উৎপাদনের নিমিত্ত প্রকল্প গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার এবং উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | ২)উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা<br>৩)উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ |
| ২.০৮। <u>উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, জানান যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক মন্ত্রণালয়ের স্পেসিফিকেশন অনুযায়ী বিদ্যালয় কর্তৃপক্ষ বাজার থেকে যাচাই করে সাশ্রয়ী মূল্যে নিজেদের পছন্দমত ডিজিটাল হাজিরা মেশিন ক্রয় করে স্কুলে স্থাপন করেছেন। আগামী ১লা জানুয়ারী হতে ডিজিটাল হাজিরা মেশিন চালু করা হবে। বিষয়সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তাঁর বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখাসহ ডিজিটাল হাজিরা তদারকি করার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা শিক্ষা অফিসার,কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.৯। <u>উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা সমাজ সেবা অফিসার, কালিগঞ্জ প্রতিনিধি সভায় জানান যে, ভাতাভোগীদের তালিকা দ্রুত করা হবে। বাছাই কাজ চলমান রয়েছে। এ প্রসংগে চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, প্রত্যেকটি ইউনিয়নে মাইকিং করে উন্মুক্তভাবে বাছাই তালিকা করতে হবে। কোন পকেট তালিকা করা যাবে না। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে সুবিধাভোগীদের যাচাই / বাছাই প্রক্রিয়া স্বচ্ছভাবে সম্পন্ন করতে হবে। বাছাইয়ের পূর্বে প্রত্যেকটি ইউনিয়নে মাইকিং করতে হবে । সংশ্লিষ্ট ইউনিয়নের ট্যাগ অফিসারগণকে এ বিষয়ে অগ্রণী ভূমিকা রাখতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১০। <u>উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, সমবায়ীদের নিজস্ব অর্থায়নে ১৫ জন প্রতিবন্ধির মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। এ প্রসংগে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, কৃষ্ণনগর বিশুদ্ধ পানির সংকট রয়েছে। বন্ধন সমিতির সভাপতিকে পানির পাম্প বসানোর বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ করা যেতে পারে। এ প্রসংগে উপজেলা পরিষদ চেয়ারম্যান জানান যে, সমবায় বিভাগের তিনটি পানির পাম্প বন্ধ রয়েছে। একটি পাম্প ভদ্রখালীতে দেয়া যেতে পারে। | উপজেলা সমবায় অফিসারকে কৃষ্ণনগর ইউনিয়নে বিশুদ্ধ পানির সংকট রয়েছে। বন্ধন সমিতির সভাপতিকে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ জানানো যেতে পারে। তাছাড়া উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং উপজেলা সমবায় অফিসারকে ভদ্রখালীতে একটি পানির পাম্প বসানোর বিষয়ে পরবর্তী ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হয়। | (১) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ<br>(২)উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ |
| ২.১১। <u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ জানান যে, এ উপজেলায় জন্মনিয়ন্ত্রণের হার ১.২% এবং শ্লোগান দুটি সন্তানের বেশী নয় একটি হলে ভাল হয় এর পরিবর্তে ছেলে হোক মেয়ে হোক দু'টি সন্তানই যথেষ্ট-এ ফিরে এসেছে। তার বিভাগের মাধ্যমে প্রতিমাসে ১২৮ টি স্থানে উঠান বৈঠাক করা হয়। উঠান বৈঠাক সফল ভাবে বাস্তবায়ন করার জন্য ৬৪ টি ইউনিটে ৬৪ টি ফিল্প চার্ট তৈরী করা প্রয়োজন। ইনোভেশন আইডিয়া কিশোর কিশোরী প্রজনন ও স্বাস্থ্য সেবা কুশুলিয়া ইউনিয়নে গ্রহণ করা হয়েছে। আইডিয়াটি বাস্তবায়ন করা প্রয়োজন। সূত্রধরে চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, মৌতলা ইউনিয়নে "মা ও শিশু কল্যাণ কেন্দ্র" ব্যবহার অনুপযোগী হয়ে গেছে। ভবনটি কনডেম ঘোষণাসহ ১০ শয্যা বিশিষ্ট হাসপাতাল নির্মাণের জন্য প্রস্তাব প্রেরণসহ বিষ্ণুপুর, রতনপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণের জন্য | (১) উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে মৌতলা ইউনিয়নে ব্যবহার অনুপযোগী "মা ও শিশু কল্যাণ কেন্দ্র" ভবনটি কনডেম ঘোষণাসহ ১০ শয্যা বিশিষ্ট হাসপাতাল নির্মাণের এবং বিষ্ণুপুর, রতনপুর ইউনিয়নে " মা ও শিশু কল্যাণ কেন্দ্র" নির্মাণের নিমিত্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর পত্রযোগাযোগ করার জন্য অনুরোধ জানানো হয়।<br>(২) উঠান বৈঠাক সফল ভাবে বাস্তবায়ন করার জন্য ৬৪ টি ইউনিটে ৬৪ টি ফিল্প চার্ট তৈরী করার প্রকল্প এডিপি হতে গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়। | (১) উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা<br>(২) উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| পত্রযোগাযোগ করা যেতে পারে। | | |
| ২.১২। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, জানান যে, তার বিভাগের মাধ্যমে দক্ষতা উন্নয়ন , আধুনিক প্রযুক্তিতে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | (১) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ২.১৩। উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, জানান যে, তার দপ্তরের ঋণ বিতরণ ও প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এ প্রসংগে উপস্থিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ জানান যে, যুব উন্নয়ন অফিসার যুবদের কোথায় কখন প্রশিক্ষণ দিচ্ছেন তা তারা জানেন না। সকল প্রশিক্ষণের বিষয়টি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অবহিত করার প্রস্তাব রাখেন। এ প্রসংগে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, অনেক বেকার মহিলা হাতের কাজ / জরির কাজের জন্য প্রশিক্ষণ দিতে আগ্রহী তাদেরকে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা যুব উন্নয়ন বিভাগসহ সকল বিভাগের সকল প্রকার প্রশিক্ষণ সংক্রান্ত চিঠিপত্রাদির অনুলিপির কপি উপজেলা পরিষদ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারকে প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসারসহ সকল বিভাগীয় অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১৪। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনের কার্যক্রম ঃ সিনিয়র উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ সভায় জানান যে, তাদের সমিতিতে ডিসেম্বর /১৯ মাসে ২৭৮ জন সদস্য ভর্তি এবং ২৫ জন সদস্যকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাছাড়া ৯০০.০০ লক্ষ টাকা ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং ৩৬০.৪২ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। সদস্য পুঁজি গঠণ করা হয়েছে নীট ৩১.৪০ লক্ষ টাকা। ঋণ বিতরণের হার ৯৬%। | ১) উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>২) ফাউন্ডেশনের সুদের হার ও অন্যান্য সরকারি সংস্থার/ ব্যাংকের /এনজিও-এর সুদের হারের একটি তুলনা উপস্থানের জন্য অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ |
| ২.১৫। জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ<br><br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, তার বিভাগের মাধ্যমে ৬২১ টি পানির উৎস্যের কাজ চলমান রয়েছে। এ প্রসংগে জানানো হয় যে, বাঁশ-ঝাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে Water plant পানি চুইয়ে দেয়াল দিয়ে পানি পড়ে, দ্রুত মেরামতের ব্যবস্থা নিতে হবে। তাছাড়া সোনাটিকরা পুকুর পাড় আগামী ১ সপ্তাহের মধ্যে সার্ভেয়ার দ্বারা মেপে সহকারী কমিশনার (ভূমি) অফিসকে বুঝিয়ে দিতে হবে এবং কৃষ্ণনগর পুকুরের বালি ঠিকাদার নিয়ে কাজ করবে, বিক্রি করা যাবে না। বিষয়সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরাকে বাঁশঝাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে Water plant দ্রুত মেরামতের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানানো হয়। সোনাটিকরা পুকুর পাড় আগামী ১ সপ্তাহের মধ্যে সার্ভেয়ার দ্বারা মেপে সহকারী কমিশনার (ভূমি), কালিগঞ্জ , সাতক্ষীরাকে বুঝিয়ে দিতে হবে । | উপ -সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১৬। বন বিভাগের কার্যক্রম ঃ ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সভায় জানান এ উপজেলায় সাম্প্রতিক ঘূর্ণিঝড় বুলবুলের আঘাতে তিন লক্ষ গাছ ক্ষতিগ্রস্ত হয়েছে। নতুনভাবে কমপক্ষে ১২ (বার) লক্ষ গাছ রোপন করতে হবে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১২ (বার) লক্ষ গাছের চাহিদা দিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় বরাবর পত্রযোগাযোগ করার জন্য ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১৭। খাদ্য বিভাগের কার্যক্রম ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না ।<br><br>এ প্রসংগে উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, রতনপুর বাজারে এলজিইডির একটি পরিত্যাক্ত খাদ্য গুদাম রয়েছে । সেখানে রাতে বখাটে ছেলেরা মদ, গাঁজা সেবন করে। ভবনটি ভেঙ্গে ফেলা প্রয়োজন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিগঞ্জ, সাতক্ষীরাকে আগামী সভায় উপস্থিত হয়ে তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কালিগঞ্জ সাতক্ষীরা |
| ২.১৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রমঃ<br><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা | ক) জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয় কোন ক্লাসে কোন ধরণের গ্রামার বই পড়ানো হবে সেটি নির্দিষ্ট করে দিয়েছেন সে মোতাবেক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা |

<table>
<tr>
<td>সভায় জানান যে, আগামী ১লা জানুয়ারী বই উৎসব উদযাপন করা হবে। ২ জানুয়ারী থেকে যথারীতি ক্লাস চলবে। ক্লাস শীতের সময় সকাল ১০-৪ টা এবং গরমের সময় ৮টা থেকে ২ টা পর্যন্ত চলবে। ক্লাসে মানসম্মত গ্রামার বই পড়ানোর বিষয়ে আলোচনা করেন।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার ব্যবস্থা গ্রহণ করবেন।<br>খ) কারিগরি শিক্ষা গ্রহণের জন্য উদ্বুদ্ধকরণ ক্লাস/ সেমিনার আয়োজন করবেন।</td>
<td>অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা</td>
</tr>
<tr>
<td>২.১৯ <u>আমার বাড়ী আমার খামার প্রকল্প</u> ঃ উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার প্রকল্প সভায় জানান যে, ইতোমধ্যে আরো ৬৯ টি সমিতি গঠনের লক্ষ্যমাত্রা রয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার প্রকল্প বিগত সভায় অনুপস্থিত থাকায় ক্ষোভ প্রকাশ করা হয়। এবং নিম্নবর্ণিত এলাকায় আগামী ১ মাসের মধ্যে সমিতি গঠনের জন্য নির্দেশনা দেয়া হয়।
<table>
<tr><td>ক্রঃনং</td><td>ইউনিয়ন</td><td>ওয়ার্ড / গ্রাম</td><td>সমিতির সংখ্যা</td></tr>
<tr><td>১</td><td>মথুরেশপুর</td><td>ঋষিপাড়া,<br>জেলেপাড়া</td><td>২টি<br>২ টি</td></tr>
<tr><td>২</td><td>ধলবাড়িয়া</td><td>মাধকাটি খালের দু'পাশে</td><td>১টি</td></tr>
<tr><td>৩</td><td colspan="2">চর যমুনার দুপাশে</td><td>৫ টি</td></tr>
<tr><td>৪</td><td>দক্ষিণশ্রীপুর</td><td>বেড়াখালী<br>২ নং ওয়ার্ড এবং<br>জেলেপাড়া</td><td>২টি</td></tr>
<tr><td>৫</td><td>কৃষ্ণনগর</td><td>৯ নং ওয়ার্ড</td><td>১টি</td></tr>
<tr><td>৬</td><td>মৌতলা</td><td>২নং,৪ নং ওয়ার্ড</td><td>২টি</td></tr>
<tr><td>৭</td><td>তারালি</td><td>দাসপাড়া</td><td>১টি</td></tr>
<tr><td>৮</td><td colspan="2">খোজাডাঙ্গা</td><td>১ টি</td></tr>
<tr><td>৯</td><td colspan="2">প্রত্যেকটি ইউনিয়নে কমপক্ষে</td><td>৪ টি</td></tr>
</table>
ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে এ বিষয়ে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়।</td>
<td>ক) উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার প্রকল্প, কালিগঞ্জ<br>খ) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল), কালিগঞ্জ</td>
</tr>
<tr>
<td>(৪) পানি উন্নয়ন বোর্ডের সকল বেঁড়িবাঁধের পাশের <u>ঘের বাঁধ হতে দূরে নির্মাণ সংক্রান্ত</u> :<br>(ক) সভায় জানানো হয় যে, এ উপজেলার পানি উন্নয়ন বোর্ডের সকল বেঁড়ি বাঁধের পাশের ঘের কে বাঁধ হতে দূরে রাখতে ঘের ও বাঁধের মধ্যে রিং বাঁধ নির্মাণ করার মহাপরিকল্পনা গ্রহণ করার ব্যবস্থা নেয়া হয়েছে।<br>এ প্রসংগে সভায় জানানো হয় বিগত ১৩/১১/২০১৯ তারিখ উপজেলা পারিষদের বিশেষ সভায় এ উপজেলার পানি উন্নয়ন বোর্ডের সকল বেঁড়ি বাঁধের পাশের ঘেরকে বাঁধ হতে দূরে রাখতে ঘের ও বাঁধের মধ্যে রিং বাঁধ নির্মাণের স্বয়ংসম্পূর্ণ প্রকল্প গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ডকে অনুরোধ জানানো হয়। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা ৩২ কিঃমিঃ যমুনা নদী খননের প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয় বরাবর প্রেরণের প্রস্তাব রাখেন।<br>(গ) অত্র উপজেলার এলজিইডি'র রাস্তা, পাউবোর বাঁধকে মাছ চাষের জন্য ঘের মালিকগণ ঘেরের বেঁড়ি বাঁধ হিসেবে ব্যবহার করে থাকে । সে জন্য বাঁধসমূহ প্রতি বছরই নষ্ট হয়ে যায় এবং বার বার মেরামত করতে হয়। এতে সরকারের কোটি কোটি টাকার ক্ষতি হয়ে থাকে । সকল পানি উন্নয়ন বোর্ডের বেঁড়ি বাঁধের পাশের ঘের কে বাঁধ হতে দূরে রাখতে ঘের ও বাঁধের মধ্যে রিং বাঁধ / ডাইক বাঁধ নির্মাণ না করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>ক) এ উপজেলার পানি উন্নয়ন বোর্ডের সকল বেঁড়ি বাঁধের পাশের ঘেরকে বাঁধ হতে দূরে রাখতে ঘের ও বাঁধের মধ্যে রিং বাঁধ/ ডাইক বাঁধ নির্মাণের অগ্রগতি প্রতিবেদন আগামী সভায় উপস্থাপনের জন্য উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীর কে অনুরোধ জানানো হয়।<br>খ) যমুনা নদী ৩২ কিঃমিঃ খননের প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয় বরাবর প্রেরণের জন্য উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, অনুরোধ জানানো হয়।<br>গ) পানি উন্নয়ন বোর্ডের বেঁড়ি বাধ হতে ঘের আলাদা করার জন্য ঘেঁর মালিকদের নোটিশ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। নোটিশ প্রাপ্তির পর পর ঘের মালিকগণ অবৈধ দখল ছেড়ে না দিলে তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক ভ্রাম্যমান আদালত পরিচালনা ও অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রতিমাসে অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ এবং উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়।</td>
<td>১) নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা<br>২) উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীরা<br>৩) উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ<br>৪) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল) কালিগঞ্জ</td>
</tr>
<tr>
<td>৩। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের <u>জন্মশত বার্ষিকী উদযাপন</u> ঃ<br>৩.১। মুজিব বর্ষ ২০২০ উদযাপন উপলক্ষ্যে সকল বিভাগকে অতিদ্রুত তাদের কর্মপরিকল্পনা প্রেরণ করার জন্য পুনঃ অনুরোধ করা হয়।</td>
<td>মুজিব বর্ষ ২০২০ উদযাপন উপলক্ষ্যে সকল বিভাগকে অতিদ্রুত তাদের কর্মপরিকল্পনা প্রেরণ করার জন্য পুনঃ অনুরোধ জানানো হয়।<br>মুজিববর্ষ ২০২০ উদযাপন উপলক্ষে এ উপজেলায় বিভিন্ন দৃষ্টি নন্দনস্থানে প্রয়োজনীয় সংখ্যক মুজিববর্ষ তোরণ /</td>
<td>সংশ্লিষ্ট সকল বিভাগ</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| মুজিববর্ষ ২০২০ উদযাপন উপলক্ষে এ উপজেলায় বিভিন্ন দৃষ্টি নন্দনস্থানে মুজিববর্ষ তোরণ / গেইট নির্মাণের বিষয়ে আলোচনা করা হয়। | গেইট নির্মাণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । | |
| ৩.২। আইসিটি সংক্রান্ত ঃ উপজেলা পর্যায়ে সকল সরকারি/বে-সরকারি দপ্তর/ সকল শিক্ষা প্রতিষ্ঠান এর ওয়েব পোর্টাল (তথ্য বাতায়ন) অতিদ্রুত হালনাগাদ করার বিষয়ে পুনঃ বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা পরিষদের আওতাধীন দপ্তর সমূহের তথ্য বাতায়ন আপলোড করার জন্য সহকারি প্রোগ্রামার ও উপজেলা টেকনিশিয়ানকে দায়িত্ব প্রদানের বিষয়ে পুনঃ আলোচনা করা হয়। | ক) সরকারি/বে-সরকারি দপ্তর/ সকল শিক্ষা প্রতিষ্ঠান এর ওয়েব পোর্টাল(তথ্য বাতায়ন) অতিদ্রুত হালনাগাদ, সকল দপ্তরের সব ধরনের চিঠিপত্র অনলাইনে আদান-প্রদান এবং উপজেলা পরিষদের আওতাধীন দপ্তর সমূহের তথ্য বাতায়ন আপলোড করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) সহকারী প্রোগ্রামার প্রতি বিভাগের প্রধানের সঙ্গে সাক্ষাত করে তথ্য সংগ্রহ করে আপলোড করবেন। | ১) সকল সরকারি/ বে-সরকারি দপ্তর প্রধান।<br>২) সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।<br>৩) সহকারি প্রোগ্রামার ও উপজেলা টেকনিশিয়ান। |
| ৩.৩। সরকারি কবরস্থানের জমি চিহ্নিতকরণ ঃ মুজিব বর্ষ ২০২০ উদযাপন উপলক্ষ্যে প্রত্যেকটি ইউনিয়নে ইউনিয়ন পরিষদের তত্ত্বাবধানে ১ টি করে গোরস্থান করার জন্য জমি চিহ্নিতকরণ এবং চিরস্থায়ী বন্দোবস্ত প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | মুজিব বর্ষ ২০২০ বাস্তবায়নের লক্ষ্যে এ উপজেলার প্রত্যেকটি ইউনিয়নে ইউনিয়ন পরিষদের তত্ত্বাবধানে ১ টি করে গোরস্থান করার জন্য জমি চিহ্নিতকরণ এবং চিরস্থায়ী বন্দোবস্ত প্রদানের জন্য সহকারী কমিশনার (ভূমি) কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। জমি চিহ্নিত করণের বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহায়তা করবেন। | সহকারী কমিশনার (ভূমি) কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৩.৪। উপজেলা পরিষদ চত্বর পাহারার নিমিত্ত গার্ড নিয়োগ ঃ সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদ চত্বরে আবাসিক এলাকায় রাতে কোন নৈশ প্রহরী থাকে না । তাছাড়া পরিষদের কোন বাউন্ডারী ওয়াল নেই। বিগত কয়েকদিন পূর্বে উপজেলা প্রকৌশলীর বাসায় চুরি সংঘটিত হয়েছে । অন্য বাসায়ও যে কোন সময় চুরি সংঘটিত হতে পারে। সে জন্যে সিকিউরিটি গার্ড নিয়োগের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ক) যেহেতু রাজস্ব তহবিল ব্যবহার নীতিমালায় এ সংক্রান্ত ব্যয়ের সুযোগ নেই তাই নাইট গার্ড/ নিরাপত্তা প্রহরী নিয়োগের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। উপজেলা প্রকৌশলী স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ ব্যবস্থা গ্রহণ করবেন।<br>খ) আপাতত অফিসারগণ নিজস্ব ব্যবস্থাপনায় দু'জন নাইট গার্ড নিয়োগ দেবেন । উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ নাইট গার্ডদের দায়িত্ব সংক্রান্ত এবং অন্যান্য বিষয় তদারকি করবেন। | ক) উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ<br>খ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ |
| ৩.৫। উপজেলা পরিষদের জরাজীর্ণ ভবন কনডেম ঘোষণা সংক্রান্ত ঃ<br>(ক) সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদ আবাসিক ভবনের নিকটে আশির দশকের সময়ের দুটি পরিত্যাক্ত ভবন রয়েছে । যার ছাদ ধঁসে গেছে, ইটের গাঁথুনি ঝড়ে যাচ্ছে যে কোন সময় পড়ে একটা দুর্ঘটনা ঘটে যেতে পারে। ভবন দুটি অপসারণ করা প্রয়োজন।<br>(খ) উপজেলা পরিষদের অভ্যন্তরে CO –DEV আমলের ২ টি টিন শেড রয়েছে। যার টিন নষ্ট হয়ে গেছে। দেওয়াল খসে পড়ে গেছে। দরজা, জানালা নেই, যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে । টিন শেড দুটি অপসারণ করা জরুরী প্রয়োজন । | ক) ঝুকিপূর্ণ বর্ণিত ভবনসমূহ অপসারণ ও জেলা কনডেম কমিটির সভায় অনুমোদন গ্রহণের নিমিত্ত প্রেরণের জন্য প্রাক্কলন প্রস্তুত পূর্বক আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থাপন ও অনুমোদন গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়।<br>খ) অপসারিত ভবন দু'টির স্থলে নতুন দু'টি আবাসিক ভবন নির্মাণের বরাদ্দ চেয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br>গ) বাকী আবাসিক ভবনগুলোর মেরামত যোগ্য, নাকি কনডেম করতে হবে তা আগামী সভায় উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ জানাবেন, ভবনগুলো মেরামত যোগ্য হলে এ সংক্রান্তে বরাদ্দ চেতে হবে। | উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, |
| ৩.৬। ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন মডেল মসজিদ ও ইসলামি সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় মসজিদ নির্মাণের সাইটের স্থাপনা/ভবন অপসারণ সভায় জানানো হয় যে, বিগত ১৩/১১/২০১৯ তারিখ উপজেলা পরিষদের বিশেষ সভায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে মডেল মসজিদ ও ইসলামি সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় এ উপজেলায় মডেল মসজিদ ও ইসলামি সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণের স্থান নির্ধারণ করে ইসলামিক ফাউন্ডেশনের সুপারভাইজারকে খুঁটি বসিয়ে বুঝিয়ে দেয়া হয়েছে এবং মডেল মসজিদ ও ইসলামি সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণকালীন নামাজের জন্য আগত মুসল্লীদের জন্য বিকল্প মসজিদের স্থান নির্ধারণ করে দেয়া হয়। সেখানে ইতোমধ্যে নির্মাণকালীন নামাজের জন্য আগত মুসল্লীদের জন্য অস্থায়ী মসজিদ নির্মাণ কাজ চলমান রয়েছে । | উপজেলা মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ সাইটে বিদ্যমান ভবন অপসারণের অনুমোদন গ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয় বরাবর প্রেরণের নিমিত্ত অতিদ্রুত প্রাক্কলন প্রস্তুত পূর্বক অনুমোদনের জন্য আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরাকে পুনঃ অনুরোধ জানানো হয়। উল্লেখ্য এ জন্য জেলা কনডেম কমিটির সিদ্ধান্তের পর স্থানীয় সরকার বিভাগের অনুমোদন প্রয়োজন হবে। উপজেলা প্রকৌশলীকে জরুরী ব্যবস্থা নেয়ার অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| মডেল মসজিদ নির্মাণ সাইটে বিদ্যমান ভবন/ স্থাপনা অপসারণের জন্য উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়েছিল কিন্তু অদ্যবধি কোন অগ্রগতি হয়নি বিধায় সভায় ক্ষোভ প্রকাশ করা হয়। ইতোমধ্যে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ সাতক্ষীরা নতুন মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণের জন্য সাইট প্লানের মধ্যে স্থাপনা ও গাছপালাসমূহ অপসারণের জন্য পুনরায় অনুরোধ জানিয়েছেন। বিষয়সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | | |
| ৪। উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত ঃ<br><br>৪.১। উপজেলা পরিষদের পানির পাম্প রক্ষণাবেক্ষণ ও মেরামত সংক্রান্ত ঃ<br>সভায় উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরার প্রতিনিধি জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে গভীর নলকূপ বসানো রয়েছে। সেখান থেকে উপজেলা পরিষদের সকল অফিস ও আবাসিক ভবনসমূহে পানিসরবরাহ করা হয়। পানি সরবরাহের জন্য যে পানির লাইটি রয়েছে সেটি দীর্ঘদিনের পুরাতন হওয়ায় মরিচা ধরে নষ্ট হয়ে গেছে। যার ফলে উপজেলা পরিষদের আবাসিক ভবনসহ সকল অফিসে পানি সরবরাহ বন্ধ রয়েছে। তা ছাড়া মটর পাম্পটিও নষ্ট হয়ে গেছে।এটি দ্রুত মেরামত ও পানির পাইপ নতুনভাবে স্থাপন করা প্রয়োজন। মটর মেরামত ও পানির পাইপ লাইন মাটির নীচ দিয়ে অফিস, ডরমেটরী ও আবাসিক এলাকায় স্থাপন করতে সর্বমোট ৪,৯৮,৫০০/- (চারলক্ষ আটানব্বই হাজার পাঁচশত) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে । কাজটি অতিদ্রুত RFQ পদ্ধতির মাধ্যমে সম্পন্নের জন্য বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদের পানির পাম্প রক্ষণাবেক্ষণ মেরামত ও পাইপ লাইন অতিদ্রুত স্থাপনের নিমিত্ত RFQ পদ্ধতির মাধ্যমে বাস্তবায়ন, ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মতিক্রতমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং ব্যয় ৪,৯৮,৫০০/- (চারলক্ষ আটানব্বই হাজার পাঁচশত) টাকার প্রাক্কলন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় । এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৪.২। মুজিববর্ষ ২০২০ উদযাপন ঃ<br>সভায় জানানো হয় যে, জাতির পিতা বঙ্গবন্ধুর শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকীতে ক্ষণগণনা কার্যক্রম শুরু হয়ে গেছে। মুজিব বর্ষ ২০২০ উদযাপন উপলক্ষ্যে ক্ষনগণনা যন্ত্র স্থাপন/ পরিষদ সাজসজ্জাকরণ / পরিস্কার পরিচ্ছন্ন করণের লক্ষ্যে ব্যয় নির্বাহের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | মুজিববর্ষ ২০২০ উদযাপন উপলক্ষ্যে ক্ষনগণনা যন্ত্র স্থাপন/ পরিষদ সাজসজ্জাকরণ / পরিস্কার পরিচ্ছন্ন করণের নিমিত্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,০০,০০০/- (একলক্ষ ) টাকা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৪.৩ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার অফিসের টয়লেট সংস্কার ঃ<br>সভায় সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জানান যে, তার অফিস কক্ষের টয়লেটটি দীর্ঘ দিন সংস্কার না করার কারণে দেয়ালের পলেস্তার খসে পড়ছে এবং মেঝেতে ফাঁটল সৃষ্টি হচ্ছে। টয়লেটটি সংস্কারের জন্য তিনি প্রস্তাব রাখেন । বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের অফিসের টয়লেটটি সংস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। চলতি অর্থ বছরে এ খাতে অর্থ না থাকলে আগামী অর্থ বছরের ১ম পর্যায়ে প্রকল্প গ্রহণ করে প্রকল্পটি বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৫.০০ বিবিধ ঃ<br>৫.০১। চেয়ারম্যান, কুশুলিয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের পথকলি ভূমিহীন পাড়া প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর নষ্ট হয়ে গেছে । তাছাড়া মদিনার দরগা স্লুইচ গেটটি সংস্কার করা প্রয়োজন । বিষয়সমূহ নিয়ে আলোচনা হয়। | (ক) পথকলি ভূমিহীন পাড়া প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর সরেজমিনে দেখে আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়।<br>(খ) মদিনার দরগা স্লুইচ গেটটি সংস্কার করার নিমিত্ত বিধিমতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীরা | (ক) উপজেলা শিক্ষা আফিসার , কালিগঞ্জ<br><br>(খ) উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৫.০২। সভায় জানানো হয় যে, কৃষি কাজে ব্যবহারের জন্য অগভীর নলকূপ স্থাপনের লাইসেন্স প্রাপ্তির নিমিত্ত নিম্নবর্ণিত কৃষকগণ আবেদন করলে লাইসেন্সের জন্য দাখিলকৃত | কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা,২০১৯ (এস,আর,ও নং ১২৮-আইন/২০১৯)-এর ৬(১) ধারা মোতাবেক দাখিলকৃত আবেদনপত্র এবং কমিটির প্রতিবেদন | উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, |

<table>
<tr>
<td>আবেদন পত্রে উল্লেখিত স্থান সরেজমিনে পরিদর্শন করে সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এবং বাছাই কমিটির সদস্য-সচিব, উপসহকারী প্রকৌশলী, বিএডিসি প্রতিবেদন দাখিল করেছেন।
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>নাম,পিতার নাম</th><th>ঠিকানা</th></tr>
<tr><td>০১</td><td>জনাব মোঃ আনছার শেখ<br>পিং-মৃত হাছিম শেখ</td><td>গ্রাম- আড়োংগাছা<br>ইউনিয়ন-রতনপুর<br>কালিগঞ্জ, সাতক্ষীরা</td></tr>
<tr><td>০২</td><td>জনাব ফয়সাল ফেরদৌস<br>পিং-মৃত আজিজুর রহমান</td><td>গ্রাম- ধলবাড়িয়া<br>ইউনিয়ন-ধলবাড়িয়া<br>কালিগঞ্জ, সাতক্ষীরা</td></tr>
<tr><td>০৩</td><td>জনাব জিএম এছাহক<br>পিং-মৃত বিশেগাজী</td><td>গ্রাম- মুড়াগাছা<br>ইউনিয়ন-ধলবাড়িয়া<br>কালিগঞ্জ, সাতক্ষীরা</td></tr>
<tr><td>০৪</td><td>জনাব আব্দুস সামাদ<br>পিং- তমির মোল্যা</td><td>গ্রাম- চাঁচাই<br>ইউনিয়ন- বিষ্ণপুর<br>কালিগঞ্জ, সাতক্ষীরা</td></tr>
<tr><td>০৫</td><td>জনাব মোঃ বিল্লাল হোসেন<br>পিং- জোহর আলী গাজী</td><td>গ্রাম- চাঁচাই<br>ইউনিয়ন-বৃষ্ণপুর<br>কালিগঞ্জ, সাতক্ষীরা</td></tr>
<tr><td>০৬</td><td>জনাব মোঃ ইউসুফ আলী<br>পিং-মোঃ মহতাব আলী</td><td>গ্রাম- কুশুলিয়া<br>ইউনিয়ন-কুশুলিয়া<br>কালিগঞ্জ, সাতক্ষীরা</td></tr>
<tr><td>০৭</td><td>জনাবমোঃ মিয়ারাজ হোসেন<br>পিং-মোঃ আবু সাঈদ গাজী</td><td>গ্রাম- চাঁচাই<br>ইউনিয়ন-বৃষ্ণপুর<br>কালিগঞ্জ, সাতক্ষীরা</td></tr>
</table>
</td>
<td>বিবেচনা ক্রমে উপবিধি ৬(২) এ উল্লেখিত লাইসেন্স ফি প্রাপ্তি সাপেক্ষে বর্ণিত ব্যক্তিদের অনুকূলে নলকূপ স্থাপনের লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>সাতক্ষীরা</td>
</tr>
<tr>
<td>৫.০৩। চেয়ারম্যান, কুশুলিয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের কালিগঞ্জ ফুলতলা মোড়ে শহদী ইউনুস স্মৃতি বাজারের চাঁদনী দোকানগুলি ক্ষতিগ্রস্ত দোকানদার-গণসহ নারী উদ্যোক্ত এবং খোলা বাজারে দোকান মালিকদের ইউনিয়ন বাজার ব্যবস্থাপনা কমিটির সুপারিশ অনুযায়ী বরাদ্দ প্রদান করা যেতে পারে। তাছাড়া মাংসের শেড এবং তোহা বাজার করার জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর পত্র যোগাযোগ করা যেতে পারে। বিষয়সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>কুশুলিয়া ইউনিয়নের কালিগঞ্জ ফুলতলা মোড়ে শহদী ইউনুস স্মৃতি বাজারের চাঁদনী দোকানগুলি ক্ষতিগ্রস্ত দোকানদারগণসহ নারী উদ্যোক্ত এবং খোলা বাজারে দোকান মালিকদের ইউনিয়ন বাজার ব্যবস্থাপনা কমিটির সুপারিশ অনুযায়ী বরাদ্দ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া মাংশের শেড এবং তোহা বাজার করার জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর পত্র যোগাযোগ করার জন্য কুশুলিয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়।</td>
<td>(ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ,সাতক্ষীরা<br><br>(খ) চেয়ারম্যান, কুশুলিয়া ইউনিয়ন পরিষদ, কলিগঞ্জ, সাতক্ষীরা</td>
</tr>
</table>

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী (মুজিব বর্ষ ২০২০) উদযাপন এবং সকল কর্মসূচি বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। তাছাড়া জানুয়ায়ি /২০ এর মধ্যে এডিপি'র টেন্ডার করার বিষয়ে উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল কাজে স্বচ্ছতা রাখার আহবানসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সাঈদ মেহেদী
উপজেলা পরিষদ চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা

স্মারক নং-৪৬.৪৪.৮৭৪৭.০০০.২৪.০০৫.১৯ - ৪৩ তারিখ : ১২ জানুয়ারী,২০২০ খ্রিঃ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ( জ্যেষ্ঠতারক্রমানুসারে নয়) ।

১। মাননীয় সংসদ সদস্য, ১০৭-সাতক্ষীরা-৩/ ১০৮-সাতক্ষীরা-৪ নির্বাচনী এলাকা

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

৪। প্রকল্প পরিচালক, আশ্রয়ন-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়,ঢাকা

৫। জেলা প্রশাসক, সাতক্ষীরা

৬। নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা

৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।

৮। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা

৯। উপজেলা -------------------------------------- কর্মকর্তা (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা

১০। উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীরা

১১। চেয়ারম্যান ------------------------------------ ইউপি (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা

১২। জনাব ------------------------------------------কালিগঞ্জ, সাতক্ষীরা

মোঃ মোজাম্মেল হক রাসেল
উপজেলা নির্বাহী অফিসার
কালিগঞ্জ, সাতক্ষীরা
unokaliganj@gmail.com

৩০/১২/২০২০ তারিখ কালিগঞ্জ উপজেলা পরিষদের সাধারণ সভার উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা

পরিশিষ্ট -'ক' উপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা | ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১ | জনাব সাঈদ মেহেদী | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | ১ | জনাব মোঃ মোজাম্মেল হক রাসেল | উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ |
| ২ | জনাব দিপালী রাণী ঘোষ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | ২ | ডাঃ জনাব মনোজিত মন্ডল | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ |
| ৩ | জনাব নাজিমুল ইসলাম | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | ৩ | জনাব শামছুল আলম | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ,এর প্রতিনিধি |
| ৪ | জনাব আকলিমা বেগম | চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি | ৪ | জনাব মোঃ শফিকুল ইসলাম | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ |
| ৫ | জনাব শেখ রিয়াজ উদ্দিন | চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউ,পি | ৫ | জনাব আব্দুস সেলিম | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ পক্ষে টিএফপিএ |
| ৬ | জনাব প্রশান্ত কুমার সরকার | চেয়ারম্যান,দক্ষিণ শ্রীপুর ইউপি | ৬ | জনাব কৃষিবিদ রুহুল আমিন | উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ |
| ৭ | জনাব গাজী শওকত হোসেন | চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি | ৭ | জনাব মোঃ মিরাজ হোসেন | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ |
| ৮ | জনাব কাজী রফিকুল ইসলাম | চেয়ারম্যান ,মৌতলা ইউপি | ৮ | জনাব শারমিন আক্তার | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ |
| ৯ | জনাব এবাদুল ইসলাম | চেয়ারম্যান কুশুলিয়া ইউপি | ৯ | মোসাঃ শামছুন্নাহার | উপজেলা শিক্ষা অফিসার,কালিগঞ্জ |
| ১০ | জনাব মোঃ মোজাম্মেল হক | চেয়ারম্যান, চাম্পাফুল ইউ,পি | ১০ | জনাব জেসিয়া জামান | উপজেলা সমাজসেবা অফিসার কালিগঞ্জ |
| ১১ | জনাব মোঃ মিজানুর রহমান | চেয়ারম্যান, মথুরেশপুর ইউপি | ১১ | জনাব শেখ মুজিবর রহমান | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ |
| ১২ | জনাব মোঃ আশরাফুল হোসেন | চেয়ারম্যান, রতনপুর ইউপি | ১২ | জনাব মোঃ কামরুল ইসলাম | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |
| ১৩ | জনাব মোঃ আজিজুর রহমান | চেয়ারম্যান, নলতা ইউপি পক্ষে ইউপি সদস্য | ১৩ | জনাব আবুল কালাম আজাদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ |
| ১৪ | জনাব লাইলি পারভিন | সংরক্ষিত মহিলা সদস্য | ১৪ | জনাব মোঃ আব্দুল খালেক | উপসহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ |
| | | | ১৫ | জনাব তানজিয়ারা খাতুন | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |
| | | | ১৬ | জনাব তপন জ্যোতি চক্রবর্তী | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ |
| | - | - | ১৭ | জনাব অমল কান্তি রায় | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, কালিগঞ্জ |
| | - | - | ১৮ | জনাব মোঃ আওছাফুর রহমান ফরেস্টার, | উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ |
| | - | - | ১৯ | জনাব মোঃ জামিরুল হায়দার | উপজেলা নির্বাচন অফিসার |
| | - | - | ২০ | জনাব আশরাফুল আলাম,উপজেলা সমন্বয়কারী | আমার বাড়ী আমার খামার প্রকল্প কালিগঞ্জ |
| | - | - | ২১ | জনাব মোঃ খলিলুর রহমান | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিগঞ্জ |

পরিশিষ্ট -'খ' অনুপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা | ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১ | জনাব নুরমোহাম্মদ বিশ্বাস | চেয়ারম্যান,ভাড়াশিমলা ইউপি | | ডাঃ জনাব শেখ তৈয়েবুর রহমান | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, কালিগঞ্জ |
| ২ | জনাব মোঃ এনামুল হোসেন | চেয়ারম্যান, তারালি ইউপি | | --- | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ |
| | - | | | ডেপুটি জেনারেল ম্যানেজার | পল্লী বিদ্যুৎ জোনাল অফিস কালিগঞ্জ |

F:\UDCC\Meeting 30-12-2019 Rejulation.doc